# তৃতীয় শ্রেণি

## ভূগোল বিজ্ঞান

### একক:খাদ্য

অনুশীলন প্রশ্নপত্র: ১

পূর্ণমান: ২০ উত্তীর্ণ মান- ৮

(১) দু এক কথায় উত্তর দাও: ১×৫=৫

ক) একটি গাছের বীজের নাম লেখ যা আমাদের খাদ্য।
খ) কোন্ শাক খেলে স্মৃতিশক্তি বাড়ে?
গ) একটি গাছের নাম লেখ যার রস বা আঠা বিষাক্ত।
ঘ) একটি রপ্তানি জাত দ্রব্যের নাম লেখ।
ঙ) জল ও চিনির অভাব পূরণ করে এমন একটি ফলের নাম লেখ।

২) সঠিক উত্তর বেছে লেখ: ১×৪=৪

ক) রক্তে চিনির পরিমাণ কমায় (জাম/আম)।
খ) রক্তাল্পতায় উপকারী (পেঁপে/কাঁচকলা)।
গ) (গ্যাস ওভেন/ইন্ডাকশন ওভেন) গ্যাসের সাহায্যে চলে।
ঘ) পিঁয়াজ হলো গাছের (কুঁড়ি/কান্ড)।

৩) <u>রেখাঙ্কিত অংশটির ভুল সংশোধন করে বাক্যটি পুনরায় লেখ:</u>
১×৫=৫

ক) যে খাবার পচা-বাসি হয়ে খারাপ হয়ে গেছে বা নষ্ট হয়ে গেছে তাকে <u>অখাদ্য</u> বলে।

খ) পলতা হল <u>পালং শাক</u> গাছের কচি ডগ ও পাতা।

গ) প্রাণিজ খাবারে প্রচুর পরিমাণে <u>শর্করা</u> থাকে।

ঘ) <u>কাঁঠাল</u> কাঁচায় ফল ও পাকলে সবজি হয়।

ঙ) <u>তুলো</u> হলো আমাদের দেশের একটি রপ্তানি জাত দ্রব্য।

৪) <u>নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও</u>:৩×২=৬

ক) পছন্দের খাবার দেখলে আমাদের জিভে জল আসে কেন? খোস-পাঁচড়া বা চর্মরোগ প্রতিরোধ করে এমন একটি শাকপাতার নাম লেখ। ২+১=৩

খ) তোমার শরীরে খাদ্য খাওয়ার প্রয়োজন হয় কেন? ডাবের জলে প্রচুর পরিমানে কি থাকে যার জন্য স্বাদ অন্যরকম? ২+১=৩